দৈনিক জনকণ্ঠ

FEB. 6 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮/৫ কলাম ...৮......

শিক্ষাবর্ষ ২০০১-২০০২

# ভারত সরকারের বৃত্তি

সারা বিশ্বের শিক্ষার্থীর কাছে ভারত নেতৃস্থানীয় মানসম্পন্ন উচ্চশিক্ষা কেন্দ্র হিসাবে পরিগণিত। এ জন্য প্রতিবছর পৃথিবীর বিভিন্ন দেশ থেকে ভারত সরকারের বৃত্তি নিয়ে হাজার হাজার শিক্ষার্থী এখানে পড়তে আসেন। আমাদের দেশ থেকেও প্রতিবছর উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী প্রতিবেশী এই দেশটিতে পড়তে যান। ভারত সরকারের ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স বিভাগ প্রতিবছরই পৃথিবীর বিভিন্ন দেশের মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি দিয়ে থাকে। ভারতের নামকরা বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের যেসব মেধাবী শিক্ষার্থী অধ্যয়ন করতে ইচ্ছুক তাদের জন্য ২০০১-২০০২ শিক্ষাবর্ষে ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স বিভাগ ভারত সরকারের বৃত্তি ঘোষণা করেছে।

**কি ধরনের কোর্সের জন্য এই বৃত্তি**

এই বৃত্তি দেয়া হয় বিভিন্ন ধরনের জেনারেল ডিসিপ্লিনে পড়াশোনার জন্য। সাধারণ ডিসিপ্লিন বলতে ভারতের বিভিন্ন প্রাচীন ভাষা শিক্ষা কোর্স যেমন সংস্কৃত, পালি, প্রাকৃত প্রভৃতিকে বোঝায়।

এ ছাড়াও বিভিন্ন ফিল্ড কালচার এবং ক্রীড়া বিষয়ক ডিসিপ্লিনের জন্যও এই বৃত্তি দেয়া হয়ে থাকে। তবে ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচার, ফার্মেসি এবং মেডিসিন বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর, এমফিল, পিএইচডি, এমটেক এবং পোস্ট ডক্টরাল করতে ইচ্ছুকরাও এই বৃত্তির জন্য আবেদন করতে পারেন।

**কিভাবে দরখাস্ত করতে হবে**

এই বৃত্তির জন্য আপনাকে একটি নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। মনে রাখবেন, ফরমে যেসব তথ্য জানতে চাওয়া হয়েছে তা সঠিকভাবে লিখতে হবে। কোন তথ্য গোপন করা যাবে না। আপনি যে পর্যায়ের ডিগ্রীর জন্য বৃত্তি পেতে ইচ্ছুক আপনাকে ঐ ডিগ্রীর জন্য নির্ধারিত ফরমটি সংগ্রহ করতে হবে।

**নির্ধারিত ফরমটি যেখান থেকে সংগ্রহ করতে হবে**

বৃত্তির জন্য নির্ধারিত ফরমটি সংগ্রহ করতে হবে ঢাকাস্থ ইন্ডিয়ান হাইকমিশনের শিক্ষা বিষয়ক ফার্স্ট সেক্রেটারির কাছ থেকে। তবে বৃত্তি সংক্রান্ত অতিরিক্ত যে কোন তথ্য এবং ফরম সংগ্রহের জন্য হাইকমিশনের এডুকেশন উইং বিভাগের সাথেও যোগাযোগ করতে পারেন। ঢাকার বাইরের প্রার্থীরা চট্টগ্রাম এবং রাজশাহীতে অবস্থিত ভারতের এ্যাসিস্ট্যান্ট হাইকমিশন থেকে এই ফরম সংগ্রহ করতে পারেন।

**দরখাস্ত জমা দিতে হবে কোথায়**

সকল প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্র জমা দিতে হবে ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের এডুকেশন উইং বিভাগে। ঢাকার বাইরের প্রার্থীরা সরাসরি ঢাকা অফিস কিংবা রাজশাহী ও চট্টগ্রামস্থ এ্যাসিস্ট্যান্ট হাইকমিশনেও জমা দিতে পারেন। ঢাকা অফিসে দরখাস্ত পৌঁছানোর শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি ২০০১। রাজশাহী এবং চট্টগ্রামে দরখাস্ত পৌঁছানোর শেষ তারিখ ১১ ফেব্রুয়ারি ২০০১।

**হাইকমিশনের ঠিকানা**

ভারতীয় হাইকমিশন, এডুকেশন উইং বিভাগ, বাড়ি নং-১২০, সড়ক নং-৩, ধানমণ্ডি আবাসিক এলাকা, ঢাকা।